


# আসুন কথা বলি...

এর ফলে পরিবর্তন আসে!



## কখন

আপনার বাচ্চাকে পোশাক পরানোর সময়...

রান্না করার সময়...

খাবার সময়...

স্নানের সময়...

শোবার সময়...

কোথাও যাবার সময়...

লণ্ডোম্যাটে...

## বিষয়ে

আপনার বাচ্চা যে কাপড়, মোজা, আর জুতো পরবে সে বিষয়ে কথা বলুন। আজ কি হবে বা গতকাল কি হয়েছে সেই বিষয়ে কথা বলুন।

আপনার বাচ্চাকে মাপার চামচ, প্লাস্টিকের বাটি এবং প্যান দিন; এগুলি নিয়ে সে কি করছে তা আপনাকে বলতে বলুন। আপনি কি করছেন তা বলুন।

একসাথে কাটানো সময় কথা বলে উপভোগ করুন। আপনার বাচ্চাকে তার দিনের কথা বলতে উত্সাহ দিন। আপনি যে গল্প বা চুটকি আজ শুনেছেন তা তাকে বলুন।

বলুন যে জল কি অনুভূতি দেয় আর স্নানের খেলনাগুলির বিষয়ে কথা বলুন। তার শরীরের বিভিন্ন অংশ চিনিয়ে দিন। গান গান বা ছড়া বলুন।

গল্প বলুন: আপনার ছোটবেলার বিষয়ে, আপনার পরিবারের বিষয়ে, কোথায় আপনি বড় হয়েছেন সেই বিষয়ে। আপনারা একসাথে যা যা করেছেন সেই জিনিসগুলির স্মৃতিচারণ করুন।

আপনার বাচ্চা যা দেখছে তা বর্ণনা করুন আর তাকে দিয়ে বর্ণনা করান। “আমি আমার ছোট্ট চোখ দিয়ে নজর রাখছি” খেলুন। গাড়ি গুনুন।

কাপড়ের সামগ্রীগুলি চিহ্নিত করুন। আপনার প্রয়োজনীয় কিছু জিনিসি আপনার বাচ্চাকে খুঁজে দিতে বলুন। মোজাগুলি তাকে গুছিয়ে রাখতে বলুন।

## কাৰণ

আপনার কণ্ঠস্বৰ আপনার বাচ্চাকে আৰাম দেয়।

জন্মের ঠিক পরে, আপনার বাচ্চা আপনার কণ্ঠস্বরের দিকে মাথা ঘোরায়। সে আপনার কথা শুনতে তৈরী।

এভাবে আপনার বাচ্চা কথা বলতে শেখে।

আপনি যে শব্দগুলি করবেন আপনার বাচ্চা তা নকল করবে। সে যে শব্দগুলি করবে তা নকল করে আপনিও মজা করতে পারেন!

এভাবে আপনার সদ্য হাঁটতে শেখা বাচ্চা অনেক কথা শেখে।


আপনার সদ্য হাঁটতে শেখা বাচ্চা যে কথাগুলো শোনে তার পুনরাবৃত্তি করে। বেশি কথা জানলে সে কি চায় আর তার কি প্রয়োজন তা জানাতে তার সুবিধা হয়।

এভাবে আপনার প্রাক-স্কুলের বাচ্চা তার বাস করা পৃথিবীটির বিষয়ে শেখে।

কথা জিনিস ও ধারণাগুলির প্রতিনিধিত্ব করে। আপনার বাচ্চা যত বেশি বুঝবে, তত বেশি জানবে।

কথা বলা আর শোনা কিভাবে পড়তে আর লিখতে হয় তার বিষয়ে আপনার বাচ্চাকে শেখায়।

যদি আপনার বাচ্চা কথাগুলি জানে ও তার মানে বোঝে, তার পক্ষে লিখতে আর পড়তে পারা সহজতর হবে।



# আসুন কথা বলি...

এর ফলে পরিবর্তন আসে!